[redacted]

[redacted]

[redacted]

[redacted]

“[redacted]”

[redacted]

[redacted]

ব্রিটিশ শাসনামলে এই মডেলের ফেরিগুলোর প্রচলন হয়। যার কিছু এখনও পদ্মা নদীতে মুন্সিগঞ্জের মাওয়া ও শরীয়তপুরের জাজিরা প্রান্তের মধ্যে চলাচল করে।

রাণীগঞ্জ ফেরিটির বয়স অন্তত ষাট বছর হবে বলে জানা গেছে।

রবিবার রাত সাড়ে ১০টার দিকে ফেরিটি ৭টি ট্রাক, ৫টি যাত্রীবোঝাই বাস ও ৭টি ছোট গাড়ি নিয়ে মাওয়ার শিমুলিয়া ঘাট থেকে ছেড়ে যায় ফেরিটি। পাশেই চলছে পদ্মা সেতু নির্মাণের কাজ।

ফেরিটিতে যাত্রী ও কর্মীসহ চার শতাধিক মানুষ ছিল।

রাত এগারোটার দিকে পদ্মা সেতু সংলগ্ন হাজরা চ্যানেলের কাছাকাছি পৌঁছানোর পর সেতু স্থাপনের কাজে ব্যবহৃত ড্রেজারের পাইপের সাথে প্রবল বেগে ধাক্কা খায় ফেরিটি।

শব্দের উৎস খুঁজতে গিয়ে ফজলুল করিম দেখতে পান ফেরির তলা ফেটে প্রবল বেগে পানি প্রবেশ করছে।

প্রাথমিকভাবে সাব মার্সিবল পাম্প দিয়ে পানি নিষ্কাশনের চেষ্টা করেও ব্যর্থ হন। বুঝতে পারেন হাতে সময় কম। যেকোনও সময় ফেরি ডুবে যেতে পারে।

এমন অবস্থায় ফেরির কর্মচারীদেরকে তিনি দায়িত্ব দেন বালি, কম্বল যা কিছু আছে সেগুলো দিয়ে যতোটা সম্ভব পানি প্রবেশ ঠেকাতে।

এরপর তিনি দ্রুত গতিতে ঘাটের দিকে রওনা হন।

তখনও ঘন কুয়াশা না পড়ায় ২০ মিনিটের মধ্যে বাংলাবাজার ঘাটে পৌঁছে যায় ফেরিটি।

ততোক্ষণে ফেরির ওপরে পানি উঠতে শুরু করেছে বলে জানান ফজলুল করিম।

কিন্তু তিনি কোনও যাত্রীকে এ বিষয়ে কিছু জানাননি।

একে একে সব গাড়ি আনলোড করার পর তিনি ঘাটের উল্টো পাশেই ফেরিটি নোঙর করেন।

ফেরির কর্মী ও পরবর্তীতে ফায়ার সার্ভিসের কর্মকর্তারা পানি নিষ্কাশনের চেষ্টা করেও ব্যর্থ হন।

মধ্যরাতে সম্পূর্ণ ফেরিটির নব্বই শতাংশ ডুবে যায়।

“আমার জীবনে এমন অভিজ্ঞতা এটাই প্রথম। আমার মাথাতে এটাই ছিল যে ঘাবড়ানো যাবে না। আমি ধৈর্য হারাই নাই আর জাহাজের কোনও যাত্রীকে বুঝতে দেই নাই যে এই ঘটনা ঘটেছে। কেউ বুঝেও নাই, কতো বড় বিপদ থেকে আল্লাহয় আমাদের বাঁচাইছে,” বলছিলেন ফজলুল করিম।

ফেরিটি এখনও নদীর কিনারে অর্ধনিমজ্জিত অবস্থায় আছে।

ফেরিটি তুলে আনার জন্য ঘটনাস্থলে উদ্ধারকারী জাহাজ নির্ভীক কাজ করছে বলে জানা গেছে।

এ ঘটনায় থানায় একটি সাধারণ ডায়রি করেছেন ফজলুল করিম।

মুজিবনগরে জাতীয় চার নেতার ভাষ্কর্যের অনার বোর্ডে ভুল তথ্য

মেহেরপুরের মুজিবনগর বাংলাদেশ স্বাধিনতার সুতিকাগার। বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকারের শপথ গ্রহন হয় এই মুজিবনগর আম্রকাননে। মুজিবনগর কমপ্লেক্সের ভিতর স্বাধিনতার ইতিহাস তুলে ধরার জন্য ২০০৫ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত সময় নিয়ে শতকোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হয় বিভিন্ন ভাষ্কর্য। সেখানে জাতীয় চার নেতার ভাষ্কর্যের অনার বোর্ডে দেওয়া হয়েছে ভুল তথ্য। অনার বোর্ডে ক্যাপ্টেন মনসুর আলীকে দেখানো হয়েছে এএইচএম কামরুজ্জামান ও এএইচএম কামরুজ্জামানকে দেখানো হয়েছে ক্যাপ্টেন মনসুর আলী হিসেবে। দির্ঘ ৯ বছর ধরে এমনই ভুল তথ্য শোভা পাচ্ছে অনার বোর্ডে।

মুজিবনগর কমপ্লেক্মে বেড়াতে আসা জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র আরিফুল ইসলাম জানান, এই ধরনের মারাত্মক ভুলে ইতিহাস বিকৃতি করা হয়েছে। নতুন প্রজন্মের যারা এই জাতীয় চার নেতার অবয়বের সাথে পরিচিত নয় তারা এই ভাষ্কর্য দেখে বিভ্রান্ত হচ্ছেন।

মুক্তিযোদ্ধা মেহেরপুরের রাধাকান্তপুরের বাসিন্দা আবুল কাসেম মাস্টার জানান, যারা অনার বোর্ডে লিখেছেন তাদের চোখে এ ভুল ধরা না পড়াটা আক্ষেপের। এতো বছর ধরে কারও চোখে পড়ল না। আর যদি চোখে পড়েও থাকে তারপরও সংশোধনের কোন ব্যবস্থা নেয়নি কতৃপক্ষ। এটা আরও হতাশাজনক।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার জানান, যেহেতু এটা গণপুর্ত বিভাগ দেখাশুনা করে। তারপরও আমরা উপজেলা প্রশাসন থেকে সংশোধনের আবেদন করবো।

শিক্ষামন্ত্রী দীপু মনি করোনায় আক্রান্ত

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা আবুল খায়ের আজ সোমবার (০৭ ডিসেম্বর) গণমাধ্যমক এই তথ্য নিশ্চিত করেছন।

আবুল খায়ের জানান, গতকাল রোববার রাতে পরীক্ষার প্রতিবেদনে শিক্ষামন্ত্রীর করোনাভাইরাস শনাক্ত হয়। বর্তমানে তিনি বাসায় থেকেই চিকিৎসা নিচ্ছেন। শারীরিক কোনো জটিলতা নেই।

এর আগে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ করোনাভাইরাসে আক্রান্ত হন। তিনিও বাসায় থেকে চিকিৎসা নিচ্ছেন।

শিক্ষামন্ত্রী দীপু মনি ২০০৮ সালের সংসদ নির্বাচনে চাঁদপুর-৩ আসনে জয়লাভের মধ্য দিয়ে সংসদ সদস্য হন। একই সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মন্ত্রিসভার বাংলাদেশের প্রথম নারী পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিয়োগ পান। তিনি দশম সংসদের পররাষ্ট্র মন্ত্রণালয়বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ছিলেন। ২০১৬ সালে অনুষ্ঠিত আওয়ামী লীগের ২০তম জাতীয় সম্মেলনে তিনি আবার যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন। একাদশ সংসদ নির্বাচনে সংসদ সদস্য হওয়ার পর তিনি শিক্ষামন্ত্রী হিসেবে নিয়োগ পান।

ধোলাইপাড়ে ভাস্কর্য হবেই: ওবায়দুল কাদের

বঙ্গবন্ধুর ভাস্কর্যের ওপর হামলাকারীদের চরম মূল্য দিতে হবে উল্লেখ করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, উপযুক্ত প্রমাণ পেলে কাউকে ছাড় দেওয়া হবে না। রাজধানীর ধোলাইপাড়ে নির্মাণাধীন ভাস্কর্যের কাজ চলবে। ভাস্কর্য হবেই।

সোমবার সচিবালয়ে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সমসাময়িক ইস্যুতে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

রোহিঙ্গা ক্যাম্পে ৫০০ টাকায় মিলছে বাংলাদেশি সিম, ব্যবহৃত হচ্ছে নানা অপরাধে

কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পগুলোতে হাত বাড়ালেই মিলছে বাংলাদেশি বিভিন্ন কোম্পানির সিম। মাত্র ৫০০ টাকার বিনিময়ে রোহিঙ্গারা পেয়ে যাচ্ছে বাংলাদেশি সিম ও নম্বর। পরে ওই নম্বরগুলো ব্যবহার করা হচ্ছে মাদক ও মানব পাচারসহ নানা অপরাধ কর্মকান্ডে। রোহিঙ্গাদের হাতে থাকা ওইসব নম্বরের সূত্র ধরে তদন্ত করতে গিয়ে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের হোঁচট খেতে হচ্ছে।

পুলিশের চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি আনোয়ার হোসেন বলেন, ‘বাংলাদেশি সিম অবৈধভাবে কারা রোহিঙ্গাদের হাতে তুলে দিচ্ছে তা তদন্ত করা হবে। অবৈধ এ কারবারে যারাই জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।’

চট্টগ্রাম মেট্রো মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের উপপরিচালক মোহাম্মদ রাশেদুজ্জামান বলেন, ‘সম্প্রতি ইয়াবাসহ গ্রেফতার হওয়া বেশ কয়েকজন রোহিঙ্গার কাছ থেকে বাংলাদেশি মোবাইল ও সিম জব্দ করা হয়।

তদন্ত করে দেখা যায়, ওই সিম নম্বরটি বাংলাদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন করা। মোবাইল নম্বর ও সিম জরুরি হলেও অন্যজনের নামে রেজিস্ট্রেশন হওয়ার কারণে তদন্তে নানা প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে।’

তিনি দুটি উদাহরণ টেনে বলেন, ‘ইয়াবাসহ গ্রেফতার হওয়া দুজনের কাছ থেকে বাংলাদেশি সিম জব্দ করা হয়। তদন্ত করে দেখা যায়, সিম দুটি বাংলাদেশি একজন নারী ও পুরুষের নামে রেজিস্ট্রেশন করা। তাদের সঙ্গে কথা বলে জানা যায়, এ দুই নম্বরের বিষয়ে তারা আদৌ জানেন না। রোহিঙ্গাদের হাতে কীভাবে তাদের নামে রেজিস্ট্রেশন করা সিম গেল তা তদন্ত করা হচ্ছে।’

জানা যায়, কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্পকে ঘিরে গড়ে উঠেছে অবৈধ বাংলাদেশি বিভিন্ন কোম্পানির সিম বিক্রি চক্র। এ চক্রের সঙ্গে জড়িত রয়েছে রোহিঙ্গা ক্যাম্পের মাঝি, দালাল চক্রের সদস্য এবং বাংলাদেশি কিছু ব্যক্তি। মূলত বাংলাদেশি নাগরিকরাই বিভিন্ন জনের কাছ থেকে রেজিস্ট্রেশন করা সিম সংগ্রহ করে।

পরবর্তীতে তা রোহিঙ্গা ক্যাম্পের দালালদের হাতে তুলে দেওয়া হয়। রোহিঙ্গা ক্যাম্পে একেকটি সিম বিক্রি হয় ৫০০ টাকা থেকে শুরু করে দুই হাজার টাকায়। পরে ওই নম্বর দিয়ে মাদক ও মানব পাচারসহ নানা অপরাধ কর্মকান্ডের যোগাযোগের জন্য ব্যবহার করা হয়।

আইনশৃঙ্খলা বাহিনীর দাবি, গত দুই মাসে চট্টগ্রাম ও কক্সবাজারের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ইয়াবাসহ কমপক্ষে ২০ রোহিঙ্গাকে গ্রেফতার করেছে আইন প্রয়োগকারী সংস্থা। গ্রেফতারকৃতদের কাছ থেকে ইয়াবার পাশাপাশি বাংলাদেশি বিভিন্ন কোম্পানির সিমও জব্দ করা হয়।

গ্রেফতারকৃতদের দাবি- রোহিঙ্গা ক্যাম্পের দালাল চক্রের কাছ থেকে টাকার বিনিময়ে তারা সিম সংগ্রহ করেছে। তারা এসব সিমের নম্বর দিয়ে মাদক পরিবহনের সময় ক্রেতা ও বিক্রেতার সঙ্গে যোগাযোগ স্থাপন করে।

মাদক পরিবহনের কাজে একটি নম্বর একবারই ব্যবহার করে। মাদক পাচারের সময় একবার নম্বর ব্যবহার করার পর তা নষ্ট করে ফেলা হয়। পরের

চালানের জন্য আরেকটা নতুন সিম নেওয়া হয়।

ব্রাজিলে সেতু থেকে বাস পড়ল রেললাইনে, নিহত ১৭

ব্রাজিলে একটি যাত্রীবাহী বাস সেতু থেকে নিচে রেললাইনে পড়ে ১৭ জন নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন অন্তত ২৪ জন।

শুক্রবার দেশটির মিনাস গেরেইস অঙ্গরাজ্যের একটি পৌরসভায় এ দুর্ঘটনা ঘটে।

রুশ সংবাদমাধ্যম আরটি জানিয়েছে, দুর্ঘটনায় ঘটনাস্থলেই ১২ জন যাত্রী নিহত হন। হাসপাতালে মারা যান আরও ৫ জন।

স্থানীয় পুলিশ জানিয়েছে, সেতু থেকে বাসটি পড়ে যাওয়ার সময় চালক লাফ দিয়ে পালিয়ে যায়। তাদের প্রাথমিক ধারণা, বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে ব্রিজ থেকে পড়ে গেছে। এ ঘটনার তদন্ত চলছে।

অসমর্থিত একটি সূত্রের বরাতে স্থানীয় পত্রিকা ফোলহা জানিয়েছে, ব্রিজ থেকে পড়ার আগে একটি ট্রাকের সঙ্গে সংঘর্ষ হয়েছিল বাসটির।

ফেডারেল হাইওয়ে পুলিশের এক মুখপাত্র জানান, সেতু নেমে দৌড়ে পালিয়ে যায় চালক। তাকে খোঁজা হচ্ছে।
‍
টুইটারে পোস্ট করা একটি ভিডিওতে দেখা গেছে, ব্রিজ থেকে অন্তত ৫০ ফুট নিচে এক রেললাইনে পড়ে আছে বাসটির ধ্বংসস্তূপ। কাছেই একটি জলাধার। বাসটি থেকে ধোঁয়া উড়ছিল।

একদিনে আরও ২৪ মৃত্যু, নতুন শনাক্ত ২২৫২

করোনাভাইরাসে দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ২৪ জনের মৃত্যু হয়েছে। আর নতুন রোগী শনাক্ত হয়েছে ২ হাজার ২৫২ জন।

শুক্রবার বিকালে স্বাস্থ্য অধিদফতর এক বুলেটিনে দেশে করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতির সর্বশেষ এই তথ্য জানিয়েছে।

গত ২৪ ঘণ্টায় নতুন শনাক্ত ২ হাজার ২৫২ জনকে নিয়ে দেশে আক্রান্তে সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪ লাখ ৭৩ হাজার ৯৯১ জন। আরও ২৪ জনের মৃত্যুতে মৃতের সংখ্যা বেড়ে ৬ হাজার ৭৭২ জন হয়েছে।

গত একদিনে বাসা ও হাসপাতালে চিকিৎসাধীন আরও ২ হাজার ৫৭২ জন রোগী সুস্থ হয়ে উঠেছেন। এ নিয়ে সুস্থ রোগীর মোট সংখ্যা বেড়ে ৩ লাখ ৯০ হাজার ৯৫১ জন হয়েছে।

দেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল গত ৮ মার্চ। এর ১০ দিনের মাথায় ১৮ মার্চ প্রথম মৃত্যুর খবর আসে।

গত বছরের ডিসেম্বরে চীনে করোনাভাইরাসের উপদ্রব শুরু হয়। এটি বর্তমানে বিশ্বের ২১৩ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে। ১১ মার্চ কোভিড ১৯-কে বৈশ্বিক মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

Shares

বসল ৪০তম স্প্যান, দৃশ্যমান ৬ কিলোমিটার

শুক্রবার মাওয়া প্রান্তে বসল পদ্মা সেতুর ৪০তম স্প্যান, দৃশ্যমান হলো ৬ কিলোমিটার। ছবি-যুগান্তর
পদ্মা সেতুর ৪০তম স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হলো সেতুর

ছয় হাজার মিটার অর্থাৎ ছয় কিলোমিটার অবকাঠামো।

শুক্রবার সকাল ১০টা ৫৮ মিনিটে মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তের মাঝ নদীতে সেতুর ১১ ও ১২ নম্বর খুঁটির ওপর বসানো হয় স্প্যানটি।

৩৯তম স্প্যান বসানোর সাত দিনের মাথায় বসানো হলো ৪০তম স্প্যানটি। ৬.১৫ কিলোমিটারের মূল সেতুতে ৪১টি স্প্যানের মধ্যে বাকি রইল আর মাত্র একটি।

পদ্মা সেতুর নির্বাহী প্রকৌশলী (মূল সেতু) দেওয়ান আবদুল কাদের যুগান্তরকে জানান, বৃহস্পতিবার মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার কুমারভোগ কনস্ট্রাকশন ইয়ার্ড থেকে ১৫০ মিটার দৈর্ঘ্যর স্প্যানটি বহন করে ভাসমান ক্রেন তিয়াইন-ই নির্ধারিত খুঁটির কাছে নিয়ে নোঙর করে রাখা হয়েছিল। বাকি ছিল শুধু স্প্যানটি ওপরে তোলে বসানোর কাজ। শুক্রবার সকাল ৯টা ২০মিনিটে স্প্যানটি ওপরে তোলার কাজ শুরু হয়। এরপর ইঞ্চি মেপে নির্ধারিত পিয়ারের ওপর ভূমিকম্প সহনশীল বিয়ারিং ধীরে ধীর বসানো হয়। পুরো কাজ শেষ করতে সময় লাগে ২ ঘণ্টার মতো।

৪০তম স্প্যানটি বসে যাওয়ায় এখন ১২ ও ১৩ নম্বর পিয়ারে সর্বশেষ ৪১তম স্প্যান ‘২-এফ’ বসানোর পরিকল্পনা রয়েছে প্রকৌশলীদের। আগামী ১৬ ডিসেম্বর মধ্যে বাকি থাকা স্প্যানটি বসানো হতে পারে বলে সংশ্লিষ্ট একাধিক সূত্রে জানা গেছে।

এদিকে স্প্যান বাসানো ছাড়াও অন্যান্য কাজও এগিয়ে চলেছে। এর মধ্যে সেতুতে ১৮ শতাধিক রেলওয়ে ও ১২ শতাধিক রোডওয়ে স্ল্যাব বসানো হয়েছে।

২০১৪ সালের ডিসেম্বরে পদ্মা সেতুর নির্মাণকাজ শুরু হয়। ২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর ৩৭ ও ৩৮ নম্বর খুঁটিতে প্রথম স্প্যান বসানোর মধ্য দিয়ে দৃশ্যমান হয় পদ্মা সেতু। এর পর একে একে বসানো হয় ৪০টি স্প্যান। এতে দৃশ্যমান হয়েছে সেতুর ছয় কিলোমিটার। ৪২টি পিলারে ১৫০ মিটার দৈর্ঘ্যের ৪১টি স্প্যান বসিয়ে ৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ পদ্মা সেতু নির্মাণ করা হচ্ছে।

সবকটি পিয়ার এরই মধ্যে দৃশ্যমান হয়েছে। মূল সেতু নির্মাণের জন্য কাজ করছে চীনের ঠিকাদারি প্রতিষ্ঠান চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি (এমবিইসি) ও নদীশাসনের কাজ করছে দেশটির আরেকটি প্রতিষ্ঠান সিনো হাইড্রো কর্পোরেশন। দুটি সংযোগ সড়ক ও

অবকাঠামো নির্মাণ করেছে বাংলাদেশের আবদুল মোমেন লিমিটেড।

৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ এ বহুমুখী সেতুর মূল আকৃতি হবে দোতলা। কংক্রিট ও স্টিল দিয়ে নির্মিত হচ্ছে এ সেতুর কাঠামো। নির্মাণকাজ সম্পন্ন হওয়ার পর আগামী ২০২১ সালেই খুলে দেয়া হবে পদ্মা সেতু।

এবার গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেবে আরও ১৯ বিশ্ববিদ্যালয়

দেশের ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই গুচ্ছের অধীনে মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান- এ তিনটি বিষয়বস্তুর ওপর পরীক্ষা নেয়া হবে। এসব পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সরাসরি ভর্তি পরীক্ষা হবে। উচ্চ মাধ্যমিকের পাঠ্যসূচির ওপর ভিত্তি করে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের বিষয়ে সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে এক মতবিনিময় সভায় মঙ্গলবার চূড়ান্তভাবে এ সিদ্ধান্ত নেয়া হয়।

গত ২৬ ফেব্রুয়ারি পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে তিনটি গুচ্ছে ভর্তি পরীক্ষা গ্রহণের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছিল।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহর সভাপতিত্বে সভায় ইউজিসি সদস্য প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন, প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ ও প্রফেসর ড. মো. আবু তাহের উপস্থিত ছিলেন।

সভায় সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গুচ্ছের যুগ্ম আহ্বায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মীজানুর রহমান বলেন, উপাচার্যদের সমন্বয়ে গঠিত কেন্দ্রীয় ভর্তি